44

দৈনিক ইনকিলাব

তারিখ JUL 12 1999
পৃষ্ঠা ৫ কলাম ৩

# সরকার মাদ্রাসা শিক্ষা ধ্বংসের লক্ষ্যে মাদ্রাসা বন্ধের চক্রান্ত করছে
## —কর আইনজীবী দল

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ জাতীয়তাবাদী কর আইনজীবী দলের সাধারণ সম্পাদক আলহাজ এডভোকেট বজলুল হক এক বিবৃতিতে বলেছেন, বর্তমান সরকার ধর্ম নিয়ে একের পর এক ষড়যন্ত্রে মেতে উঠেছে। সরকার তার রাজনৈতিক হীন স্বার্থ চরিতার্থ করার লক্ষ্যে ধর্মকে রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার করছে।

তিনি বলেন, সংসদে বিরোধী দলীয় উপনেতা অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরীর একটি বক্তব্যকে সরকারের নির্বাহী প্রধানমন্ত্রী স্বয়ং ভিন্ন খাতে প্রবাহিত করে দেশবাসীর মধ্যে বিভ্রান্তি ছড়াচ্ছে। তিনি বলেন, এই সরকার ধর্মনিরপেক্ষতার নামে ধর্মহীনতার পরিচয় দিয়ে যাচ্ছে। একটি মুসলিম প্রধান দেশের প্রধানমন্ত্রী পার্শ্ববর্তী দেশে গিয়ে অমুসলিম পুরুষের হাতে সিঁথিতে সিঁদুর এবং কপালে তিলক পরে মুখ্যমন্ত্রীর খেতাব নিয়ে এসেছেন। এতে করে তিনি একদিকে যেমন ধর্মদ্রোহীতার পরিচয় দিয়েছেন, অপরদিকে আমাদের স্বাধীনতাকে কলঙ্কিত করেছেন। এই সরকার পবিত্র ইসলামী শিক্ষাকে ধ্বংসের অভিপ্রায়ে দেশের প্রায় ৪ হাজার মাদ্রাসা বন্ধ করে দেয়ার চক্রান্ত করছে। ঢাকা ও পটুয়াখালীতে পবিত্র কোরআনের অবমাননা করা হয়েছে অথচ সরকার নীরব ভূমিকা পালন করছে। তিনি এই সরকারের ইসলাম বিরোধী চক্রান্তের বিরুদ্ধে দেশবাসীকে ঐক্যবদ্ধভাবে প্রতিবাদ জানানোর জন্য অনুরোধ জানান।